

মধ্যাহ্নিক সেবা দিল নামে বাবুরাম।  
 বিকালে সকলে পঁছছিল শুভ্রা গ্রাম।।  
 গোলোক পালের বাটী হ'বে মহোৎসব।  
 সেই বাড়ী মহোৎসব করিতেছে সব।।  
 শুভ্রা গ্রামে গোলোক পালের এক কন্যে।  
 দিলেন কতক ব্যয় মহোৎসব জন্যে।।  
 সে বাড়ীতে রাত্রি হ'ল নাম সংকীৰ্ত্তন।।  
 মহাভাবে মেতে হ'ল নিশী জাগরণ।।  
 দ্বিপ্রহর রাত্রে সব ভোজন করিল।  
 রাত্রি ভোর পুনশ্চ কীৰ্ত্তন আরম্ভিল।  
 হইতেছে নর্ত্তন কীৰ্ত্তন অতিশয়।  
 প্রেমেতে হইয়াছে জ্ঞান শূন্য প্রায়।।  
 পদ গায় 'প্রাণ হ'রে নিল নিল নিল।  
 আসিয়া অক্রুর মুনি প্রাণ হরে নিল।।  
 রে অক্রুর রথ রাখ হেরি কেলেসোনা।  
 পায় ধরি প'দে পড়ি যত ব্রজাঙ্গনা।।  
 গান গায় ব'সে পালেঙ্গার চাক ঘরে।  
 কেহ চাক ঘুরায় কেহ বা টেনে ধরে।।  
 বৈশাখে পালের চাক কভু নাহি ঘুরে।  
 বেড়া হেলানেতে ছিল ঘরের ভিতরে।।  
 এক ঠাঁই ছিল সেই চাক তিনখানা।  
 কীৰ্ত্তন সময় দৃষ্টি করে কয়জনা।।  
 চক্র দেখে হ'ল ব্রজভাব উদ্দীপন।  
 বিস্মিত মূর্ছিত কেহ গায় আর জন।।  
 চণ্ডী গোস্বামীর পদ গায় কোন জন।  
 রাখ রাখ অক্রুর নিওনা কেলেসোনা।।  
 যখন গায় অক্রুর প্রাণ নিল নিল।  
 প্রেমাবেশে কেহ কুস্ত-চক্রটি ধরিল।।  
 চাক দিয়া পাক দিল আলের উপরে।  
 'রাখ রাখ বলি কেহ চাক টেনে ধরে।  
 তাহা দেখি ঘূর্ণচাক পাগল ধরিল।  
 'নিওনা' বলিয়া চাকে মাথা পেতে দিল।।

মাথায় তুলিল চাক প্রেমেতে বিহুল।  
 অষ্টধারে বহিল যুগল চক্ষে জল।।  
 সেই চাক চতুঃপার্শ্বে মস্তকে রাখিয়ে।  
 ঘুরা'তে লাগিল চাক জড়াজড়ি হ'য়ে।।  
 এইরূপে ধরিলেন আর দুই চাক।  
 সবে বলে 'ওরে রথি রথ রাখ রাখ।'  
 হা কৃষ্ণ! বলিয়া কেহ পড়িল ধরায়।  
 মূর্ছিত হইল কেহ চাকের নীচায়।।  
 পাগলের শির গিয়া ঠেকিয়াছে চাকে।  
 মাটি দিয়া ধুম উঠে দেখে সবলোকে।।  
 তাহা দেখি সবলোক পড়িল হতাশে।  
 চমকিত হ'য়ে বলে ধুম উঠে কিসে।।  
 চাকা ধরি পালেরা লইল পালেঙ্গায়।  
 মূর্ছাপ্রাপ্ত যারা তাহাদের ধরে লয়।  
 সবে দেখে পাগল পড়িয়া ধরণীতে।  
 ধূম উঠিতেছে পাগলের অঙ্গ হ'তে।।  
 বাড়ী পরে পালেঙ্গা পশ্চিমের পৌঁতায়।  
 সেই ঘরে যাদব পাগলে ধরি লয়।  
 সনাতন নবীন বসু ছিলেন তথায়।  
 তাহারা পাগলে ধরিলেন সে সময়।।  
 ধূম কেন উঠিতেছে পাগলের গায়।  
 দাহ হ'য়ে পাছে বা পাগল মারা যায়।।  
 তোরা সব থাকরে উপায় আর নাই।  
 দক্ষিণ পালেঙ্গাতে পাগলে ল'য়ে যাই।।  
 পাগলে তদ্রূপ দেখি সবার হতাশ।  
 সেই ঘরে ল'য়ে যেতে করে অভিলাষ।।  
 এতশুনি সর্বব্রজনে পাগলে তুলিল।  
 দক্ষিণ পালেঙ্গা ঘরে ধরিয়া লইল।।  
 অনর্গল ধুম উঠে পাগলের গায়।  
 লোমকূপে ধুম উঠে ছিদ্র কভু পায়।।  
 লোম মূলে ছিদ্র সব বিকশিত হ'য়ে।  
 ধূম উঠিতেছে শূন্য বেগেতে ধাইয়ে।।